Lens Asia

১৭ আগস্ট, ২০২৬

# র‍্যাব বিলুপ্ত করে এসআরবি গঠনে মন্ত্রিসভার চূড়ান্ত অনুমোদন



ছবি: সংগৃহীত

র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব) বিলুপ্ত করে বাংলাদেশ পুলিশের অধীনে 'স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি)' নামে নতুন একটি বিশেষায়িত ইউনিট গঠনের উদ্যোগ নিয়েছে সরকার। এ লক্ষ্যে প্রণীত 'স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি) আইন, ২০২৬'-এর খসড়ায় নীতিগত ও চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা।

সোমবার (১৭ আগস্ট) সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। প্রধানমন্ত্রী বৈঠকে সভাপতিত্ব করেন। পরে মন্ত্রিপরিষদ বিভাগের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে তৈরি করা খসড়া আইনটি লেজিসলেটিভ ও সংসদবিষয়ক বিভাগের ভেটিং সাপেক্ষে অনুমোদন পেয়েছে।

প্রস্তাবিত আইনে র‍্যাব বিলুপ্ত করে পুলিশের অধীনে এসআরবি নামে নতুন বিশেষায়িত ইউনিট গঠনের কথা বলা হয়েছে। পাশাপাশি সাধারণ নাগরিকদের অভিযোগ এবং ইউনিটের সদস্যদের অভ্যন্তরীণ অভিযোগ নিষ্পত্তির জন্য একটি বহুপক্ষীয় অভিযোগ প্রতিকার কমিটি রাখার প্রস্তাব রয়েছে। এই কমিটির মাধ্যমে এসআরবির কার্যক্রম ও সদস্যদের অভ্যন্তরীণ বিভিন্ন বিষয়ে অভিযোগ নিষ্পত্তির ব্যবস্থা থাকবে।

LENS ASIA

খসড়া আইনে বিলুপ্ত র‍্যাবের জনবল, আদেশ, ক্ষমতা, কর্তৃত্ব, সুযোগ-সুবিধা, তহবিল, সম্পদ, হিসাব, নথিপত্রসহ সংশ্লিষ্ট সবকিছু এসআরবির কাছে হস্তান্তরের বিধান রাখা হয়েছে।

এ ছাড়া নতুন বিধিমালা কার্যকর না হওয়া পর্যন্ত র‍্যাবের বিভাগীয় কার্যধারার সঙ্গে সংশ্লিষ্ট বিদ্যমান বিধিমালা প্রয়োজনীয় পরিবর্তন ও অভিযোজন করে কার্যকর রাখার ব্যবস্থাও রাখা হয়েছে।